



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোর্ড/প্রশা:/১৫৬৬./১৯৯/২০১৭/৪১০৪(৭)

তারিখ : ১৮/০৯/২০১৭ খ্রি.

বিষয় : দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৬ এর সুপারিশসমূহ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬১.০১৮.০৫.১৩/৯৬৮, তারিখ : ৩১/০৮/২০১৭ খ্রি.

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫ জুলাই ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৫২১.১৬.০৭৪.১৬-৬০২ সংখ্যক পত্র মোতাবেক দুর্নীতি দমন কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০১৬ এর সুপারিশসমূহ বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করে শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থ (বেতন ও অন্যান্য ফি) ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে নীতিমালা প্রণয়ন করতে হবে।
- (২) সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থ (বেতন ও অন্যান্য সকল ফি) ব্যাংক একাউন্টের মাধ্যমে আদায়ের ব্যবস্থা গ্রহণ।
- (৩) সকল প্রতিষ্ঠানের হিসাব পেশাদার নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষা করার ব্যবস্থা গ্রহণ।
- (৪) স্থানীয় জন প্রতিনিধি, সুশীল সমাজের বরণ্য ব্যক্তিত্ব, জেলা প্রশাসক এর সমন্বয়ে মানসম্মত শিক্ষার লক্ষ্যে “শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার মান তদারকি কমিটি” অথবা শিক্ষার মানোন্নয়নে “নাগরিক কমিটি” গঠন।
- (৫) শিক্ষকদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও প্রেষণামূলক (Motivational) পদক্ষেপ গ্রহণ।

মোঃ তোফাজ্জুর রহমান

চেয়ারম্যান (অঃদাঃ)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড। (উল্লিখিত বিষয় বাস্তবায়নের জন্য গৃহিত কার্যক্রম তদারকির অনুরোধসহ)
- ৪। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড। (উল্লিখিত বিষয় বাস্তবায়নের জন্য গৃহিত কার্যক্রম তদারকির অনুরোধসহ)
- ৫। পি এস টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ৬। অফিস কপি।